

বাংলাদেশ দূতাবাস
এথেন্স, গ্রীস

প্রেস বিজ্ঞপ্তি

এথেন্স, ২৪ এপ্রিল ২০১৭

এথেন্সে গ্রীসের প্রশাসনিক সংস্কার সচিবের সাথে মুখ্য সচিবের বৈঠক

প্রশাসনিক সংস্কার এবং প্রশাসনের কাজে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারে বাংলাদেশ এবং গ্রীসের মধ্যে তথ্য বিনিময় বিষয়ে সহযোগিতার সুযোগ রয়েছে। এই বিষয়ে দু'দেশ ভবিষ্যতে আলাপ আলোচনা অব্যাহত রাখবে। আজ সকালে এথেন্সে গ্রীসের প্রশাসনিক সংস্কার বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব গ্রিগরীস থিওদোরাকিস এর সাথে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরীর এক বৈঠককালে এ মতামত ব্যক্ত করা হয়। গ্রীসের জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেবার লক্ষ্যে যথাযথ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বিভিন্ন প্রশাসনিক সংস্কারের উদ্যোগ সম্পর্কে গ্রীক সচিব মুখ্য সচিবকে অবহিত করেন। তিনি গ্রীসের জন প্রশাসনে নতুন নিয়োগ, প্রশিক্ষনসহ প্রশাসনিক পুনর্গঠনের লক্ষ্যে গৃহীত বিভিন্ন কর্মসূচি সম্পর্কেও মুখ্য সচিবকে অবহিত করেন। জনাব থিওদোরাকিস আশা প্রকাশ করেন, এসব সংস্কারের ফলে গ্রীসে সাধারণ মানুষ অল্প সময়ে কার্যকর সেবা পাবে। মুখ্য সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী বাংলাদেশের জন প্রশাসনের কাঠামো এবং কার্যাবলী সম্পর্কে আলোকপাত করে বলেন যে, বাংলাদেশে জন প্রশাসনে মেধা ভিত্তিক নিয়োগের ওপর জোর দেয়া হয়। প্রশাসনকে যুগোপযোগী করার ফলে সাধারণ মানুষ তৃণমূল পর্যায়েও সরকারের বিভিন্ন কার্যক্রমের সুফল ভোগ করছে। জনাব কামাল আবদুল নাসের চৌধুরী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষিত রূপকল্পের আওতায় বাংলাদেশকে ডিজিটাল বাংলাদেশ-এ রূপান্তর করার চলমান কার্যক্রমের ওপর আলোকপাত করেন। এর মধ্য দিয়ে তথ্য প্রযুক্তি ভিত্তিক সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে যাচ্ছে বলে তিনি জানান।

বৈঠকে উপস্থিত গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মোঃ জসীম উদ্দিন বাংলাদেশ এবং গ্রীসের মধ্যে বন্ধুত্বপূর্ণ দ্বিপাক্ষিক সম্পর্কের কথা উল্লেখ করে প্রশাসনিক সংস্কারসহ বিভিন্ন বিষয়ে সহযোগিতার মাধ্যমে দ্বিপাক্ষিক সম্পর্ককে দৃঢ়তর করার ওপর জোর দেন। গ্রীসের প্রশাসনিক সংস্কার বিষয়ক মন্ত্রণালয়ের সচিব গ্রিগরীস থিওদোরাকিসের সাথে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরীর মধ্যকার এই বৈঠকে দু'দেশের মধ্যে প্রশাসনিক সংস্কার বিষয়ে উভয় দেশের সরকারের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সফর নিয়েও আলোচনা হয়।